গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল।

উপজেলা 'সামাজিক-সম্প্রীতি কমিটি'র ডিসেম্বর/২০২৩ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ শাকিলা রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।

তারিখ : ২৬/১২/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ১০:০০ মিনিট।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল ও সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা সভায় দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	সভাপতি কর্তৃক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণপূর্বক উপজেলার সকল ইউনিয়নে 'সামাজিক-সম্প্রীতি কমিটি'র মাসিক সভা হয় কি-না জানতে চাওয়া হলে এ বিষয়ে প্রতি মাসে ইউনিয়ন কমিটির সভা হয় মর্মে সভায় জানা যায়। সভাপতি সভাকে অবহিত করেন যে, আমরা একে অন্যের প্রতি সহানুভূতি দেখাবো ও সম্প্রীতি বজায় রাখব।	উপজেলার সকল ইউনিয়নে 'সামাজিক-সম্প্রীতি কমিটি'র প্রতি মাসে সভা অনুষ্ঠান করবেন এবং সভার কার্যবিবরণী উপজেলা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ বরিশাল
০২।	অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি আবুল কালাম কলেজ, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, আমরা শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক সম্প্রীতি বজায় রাখব। শিক্ষা প্রতিষ্ঠানে বহিরাগতরা ঢুকে সম্প্রীতি নষ্ট করে। এ ব্যাপারে তিনি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন।	শিক্ষা প্রতিষ্ঠানে বহিরাগতরা ঢুকে সম্প্রীতি নষ্ট করতে না পারে সে দিকে খেয়াল রাখতে হবে	শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ
০৩	জনাব আবদুল করিম হাওলাদার, সাবেক ডেপুটি কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, এ উপজেলায় সর্বদাই আমরা সকল ধর্মের লোক একসাথে ধর্মীয় উৎসব পালন করে আসছি। কোন ধরণের সমস্যা হয়নি। সামনে দেশে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। আমরা সর্বদা সজাগ থাকব এবং জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সোনার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সচেষ্ট থাকব।	বাবুগঞ্জ উপজেলায় যে কোন ধর্মের ধর্মীয় অনুষ্ঠান জাতি ধর্ম ও বর্ণ নির্বিশেষে একসাথে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সকল সদস্যবৃন্দ
০৪	জনাব মোঃ গোলাম হোসেন, ভাইস প্রিন্সিপাল, বাবুগঞ্জ ডিগ্রি কলেজ সভাকে অবহিত করেন যে, সামাজিক সম্প্রীতির বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে মাঝে মাঝে শিক্ষা প্রতিষ্ঠানে উদ্বুদ্ধকরণ সভা করা প্রয়োজন।	সামাজিক সম্প্রীতির বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে মাঝে মাঝে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে	উপজেলা মাধ্যমিক/প্রাথমিক শিক্ষা অফিসার বাবুগঞ্জ, বরিশাল

CamScanner

০৫	ইমাম ও খতিব, বাবুগঞ্জ থানা মসজিদ, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, সামাজিক সম্প্রীতির বিষয়ে প্রতি শুক্রবার মসজিদে খুতবার পূর্বে আলোচনা করলে ভাল হয়।	প্রতি শুক্রবার মসজিদে খুতবার পূর্বে সামাজিক সম্প্রীতির বিষয়ে আলোচনা করতে হবে।	ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, বাবুগঞ্জ বরিশাল
০৬	উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল ও সভাপতি সভাকে অবহিত করেন যে, আমরা ধর্ম ও জাতীর মধ্যে কোন হিংসা বিদ্বেস রাখব না। এ শ্লোগানে আমরা সবাই সকলের নিজ নিজ ধর্মীয় উৎসব পালন করব। সামাজিক সম্প্রীতি আমাদের ঐতিহ্য। আমরা সতর্ক থাকব এবং সর্বোচ্চ সহযোগিতা করব। তিনি আরো জানান যে, নিজে শুদ্ধাচার পালন করব এবং অন্যকে পালনে উৎসাহিত করব। শুদ্ধাচার বিষয়ে ইতোমধ্যে পরিপত্র জারী হয়েছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যেই শুদ্ধাচার পালন করতে হবে।	(ক) সকল ধর্মের লোকজন সামাজিক সম্প্রীতি বজায় রাখব মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) শুদ্ধাচার বিষয়ে প্রতি মাসে প্রতিবেদন দাখিল করতে হবে।	(ক) কমিটির সকল সদস্যবৃন্দ (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাবুগঞ্জ বরিশাল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক কাজ করার অনুরোধসহ ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৬/১২/২৩

(শাকিলা রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সামাজিক-সম্প্রীতি কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।
মোবাইল নম্বর- ০১৩১৮-২৫৬৩৩১

নম্বর- ০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২০২২- ৮৯১ (৪০)

তারিখঃ- ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ। / ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১২১, বরিশাল-৩।
০২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
০৮। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
০৯। অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বরিশাল।
১০। উপজেলা...অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
১১। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
১২। জনাব ...., বাবুগঞ্জ, বরিশাল।
১৩। অফিস কপি।

২৬/১২/২৩

(সুব্রত বিশ্বাস দাস)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা সামাজিক-সম্প্রীতি কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।

CamScanner